



শেরপুর-৩ আসনে বড় ব্যবধানে জিতলেন বিএনপির রুবেল



বিএনপির ধানের শীষ প্রতীকের প্রার্থী মাহমুদুল হক রুবেল। ছবি: সংগৃহীত

শেরপুর-৩ (শ্রীবরদী-বিনাইগাতী) আসনের নির্বাচনে বিপুল ভোটে জয় পেয়েছেন বিএনপির ধানের শীষ প্রতীকের প্রার্থী মাহমুদুল হক রুবেল। ১২৮টি কেন্দ্রের চূড়ান্ত ফলাফলে তিনি পেয়েছেন ১ লাখ ৬৬ হাজার ১৭ ভোট।

তার নিকটতম প্রতিদ্বন্দ্বী, দাঁড়িপাল্লা প্রতীকের জামায়াত প্রার্থী আলহাজ মাসুদুর রহমান মাসুদ পেয়েছেন ৪৭ হাজার ৫১ ভোট। এছাড়া বাসদের কাঁচি প্রতীকের প্রার্থী মিজানুর রহমান পেয়েছেন ৪৮০ ভোট।

বৃহস্পতিবার (৯ এপ্রিল) রাত সাড়ে ৮টার দিকে জেলা নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং কর্মকর্তা মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন এ ফলাফল নিশ্চিত করেন।

এর আগে সকাল সাড়ে ৭টা থেকে শুরু হয়ে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। মূলত ১২ ফেব্রুয়ারি নির্বাচন হওয়ার কথা থাকলেও এক প্রার্থীর মৃত্যুর কারণে তা স্থগিত করা হয়েছিল।

নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, ভোটগ্রহণ সামগ্রিকভাবে শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়েছে। তবে কিছু কেন্দ্রে জাল ভোটের অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্টদের আটক করে আইনশৃঙ্খলা বাহিনীর কাছে হস্তান্তর করা হয়।

এই আসনে মোট ভোট পড়েছে ৫০ দশমিক ৫২ শতাংশ।